সাড়ে ৩ বছরের শিশু রাজাকারের তালিকায়!

ঝিনাইদহের কোটচাঁদপুর মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক ২০১৯ সালের ১৫ ডিসেম্বর রাজাকারের তালিকায় মুক্তিযোদ্ধাসহ ৭ ব্যক্তির নাম অন্তর্ভূক্ত করার প্রতিবাদে সংবাদ সম্মেলন করা হয়েছে। সোমবার দুপুরে উপজেলার সাফদারপুরে মরহুম মোহাম্মদ আলী খানের বাসভবনে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে স্বজনরা দাবী করেছেন, রাজাকারের তালিকায় আসা মোহাম্মদ আলী খান ও আব্দুর রশিদ খান মুক্তিযোদ্ধা ছিলেন। তাঁরা ৭১ সালে ৮ নম্বর সেক্টরের মেজর এম.এ.মঞ্জুর ও মেজর ওসমানের অধিনে পাক হানাদার বাহিনীর বিরুদ্ধে সশস্ত্র যুদ্ধে অংশগ্রহণ করেছেন। নিয়েছেন ভারতে প্রশিক্ষণ।

সংবাদ সম্মেলনে আপন চাচাতো দু’ভাই সাফদাপুর বাজারের মৃত কোবাদ আলী খাঁনের ছেলে মরহুম মোহাম্মদ আলী খান ও মৃত গোলাম রহমান খাঁনের ছেলে আব্দুর রশিদ খাঁনের স্বজন ফিরোজা আলম, হামিদ খাঁন, হীরন খাঁন, এস কে ফয়েজ আহাম্মেদ রিয়ন, সিহাব উদ্দিন, মোহাম্মদ খালেদুজ্জামান, আবুল কালাম আজাদসহ তালিকায় আসা আরো ৫ ব্যক্তিসহ তাদের পরিবারের লোকজন উপস্থিত ছিলেন।

তালিকায় আসা বাকী ৫ জন হলেন- সাফদারপুর বাজার পাড়া এলাকার আক্কাচ আলী মন্ডল, আবুল হোসেন খোকন, সিরাজুল ইসলাম, মোহাম্মদ আলী ও সাফদারপুরের পার্শ্ববর্তী দোড়া ইউনিয়নের সুয়াদী গ্রামের সুলতান মোল্যা। আবুল হোসেন খোকন নামে সাড়ে ৩ বছরের এক শিশুকেও রাজাকারের তালিকায় আনা হয়েছে। ২০১৪ সালে করা পাসপোর্টে আবুল হোসেন খোকনের জন্ম তারিখ ১০ জুলাই ১৯৬৮। সে হিসাবে যুদ্ধকালীন সময়ে তার বয়স ছিল ৩ বছর ৫ মাস ২১ দিন। যার পাসপোর্ট নং- ইই০৪৩৮৬০০. তারিখ ১৬ই জুন ২০১৪।
তালিকায় আনা মোহাম্মদ আলী মিয়ার রয়েছে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয়ের দেয়া সাময়িক সনদপত্র। এ সনদে তাকে মুক্তিযোদ্ধা হিসাবে স্বীকৃতি দেয়া হয়েছে। তালিকায় আসা আক্কাচ আলী মন্ডল ৯৬ সালে প্রথমবার আওয়ামীলীগ রাষ্ট্রীয় ক্ষমতায় আসার পর স্বপ্রণোদিত হয়ে সাফদারপুরে কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠার জন্য ৫ শতক জমি দান করেন। যার বর্তমান মূল্য কমপক্ষে ১৫ লক্ষ টাকা। বেনু মিয়া নামে এক বীর মুক্তিযোদ্ধাকেও এ তালিকায় অন্তর্ভূক্ত করা হয়েছে। তিনি

২০১৭ সালে মৃত্যু বরণের পর তাঁকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন করা হয়।

এমনকি যথানিয়মে তার পরিবার রাষ্ট্র প্রদত্ত ভাতাসহ যাবতীয় সুবিধাদি ভোগ করছেন।
সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন মোহাম্মদ আলী খান ও আব্দুর রশিদ খানের ভাগ্নে এস.কে ফয়েজ আহম্মেদ রিয়ন। লিখিত বক্তব্যে বলা হয় মোহাম্মদ আলী খান স্বাধীনতার পর বিপুল ভোট পেয়ে চেয়ারম্যান নির্বাচিত হন। তাছাড়া যুদ্ধকালীন সময়ে তিনি বৃহত্তর ১নং সাফদারপুর ওয়ার্ডের মেম্বর ছিলেন। যুদ্ধের সময় নিজ বাড়িতে মুক্তিযোদ্ধাদের রাত যাপনসহ সহায়তা দেওয়ার অভিযোগে হানাদার বাহিনী তাকে গ্রেফতার করে।

পরে বৃদ্ধ মায়ের আকুতিতে তাকে ছেড়ে দেওয়া হয়। স্বজনদের দাবী সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করতে উদ্দেশ্য প্রণোদিতভাবে একটি মহল রাজাকারের তালিকায় দু’ভাইকে অন্তর্ভূক্ত করা হয়েছে। যা আমাদের পরিবারকে হতাশা ও উদ্বেগের মধ্যে ফেলেছে। আমরা অনিয়ন্ত্রিত ও অশুদ্ধ তালিকা থেকে দু’ভাইসহ ৭ জনের নাম প্রত্যাহারের জন্য জোর দাবী জানাচ্ছি।
প্রসঙ্গত: মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত রাজাকারের তালিকায় কোটচাঁদপুর উপজেলায় ৪৬ জনের নাম এসেছে। এর মধ্যে সাফদারপুর ইউনিয়নেই ২২ জন।

ঝিনাইদহে পর্ণগ্রাফী মামলার বাদী মুক্তিযোদ্ধা পরিবারকে হয়রানি করার অভিযোগ

ঝিনাইদহে গৃহবধু কু-প্রস্তাবে রাজী না হওয়ায় তার নগ্ন ছবি ছড়ানোর অভিযোগে মামলা করায় মুক্তিযোদ্ধা পরিবারকে মিথ্যা মামলা দিয়ে হয়রানি করার অভিযোগ উঠেছে আসামীর স্বজনদের বিরুদ্ধে।

সোমবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে এ অভিযোগ

করে ভুক্তভোগী গৃহবধু। এসময় তিনি অভিযোগ করেন, ২০১৮ সালে শৈলকুপা উপজেলার চরধলহরাচন্দ্র গ্রামের মৃত ইয়াকুব মন্ডলের ছেলের সাথে বিয়ে হয় একই গ্রামের রাবেয়া আক্তারের।

বিয়ের পর স্বামী সিঙ্গাপুরে পাড়ী জমান। এরপর থেকেই রাবেয়া আক্তারের ভাসুরের ছেলে ইউনুস তাকে কু-প্রস্তাব দিয়ে আসছিল। কুপ্রস্তাবে রাজী না হওয়ায় ইউনুস তার নগ্ম ছবি বানিয়ে গ্রামে প্রচার করতে থাকে। বিষয়টি স্থানীয় চেয়ারম্যানে কাছে জানালেও তারা কোন সুরাহা করতে পারেনি। ভুক্তভোগী বাদী হয়ে শৈলকুপা থানায় পর্ণগ্রাফী নিয়ন্ত্রন আইনে মামলা দায়ের করে। বর্তমানে মামলার আসামী জেল-হাজতে রয়েছে।

এরপর থেকেই বাদী ও তার পরিবারকে নির্যাতন শুরু করে আসামীর স্বজনরা। বাদী ও তার চাচার বিরুদ্ধে ধর্ষণ চেষ্টা, চুরি-ডাকাতিসহ ৩ টি মামলা দিয়ে প্রতিনিয়ত হয়রানি করে আসছে। সংবাদ সম্মেলন থেকে নির্যাতিতা ও তার পরিবার এর সুষ্ঠু বিচার দাবী করেন।

সংবাদ সম্মেলনে স্থানীয় মুক্তিযোদ্ধা তোয়াজ উদ্দিন, আব্দুল বারিক, শরিফুল ইসলাম, আবু দাউদ, লুৎফর রহমান, আব্দুল কুদ্দুস, সিদ্দিকুর রহমানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মেপ্র/আরজেএম

আরো পড়ুন-এসএসসি পাসে ৮৬ জনকে চাকরি দিচ্ছে বিআরটিসি

ঝিনাইদহে প্রাথমিক সমাপনী পরীক্ষার ফলাফল পুন:মুল্যায়নের দাবীতে মানববন্ধন

ঝিনাইদহ সরকারি উচ্চ বিদ্যালয়ের ২০১৯ সালের প্রাথমিক সমাপনী পরীক্ষার ফলাফলে জালিয়াতিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ ও খাতা পুন:মুল্যায়নের দাবীতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

সোমবার সকালে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সামনে এ কর্মসূচী পালন করা হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা অংশ নেয়।

এসময় তারা অভিযোগ করেন, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার খাতা উপজেলার মহেশপুরে পাঠানো হয়েছে যা ফাঁস হয়েছিল। এতে অসাধু শিক্ষকরা শিক্ষার্থীদের কম নাম্বার দিয়েছে।
এসময় তারা খাতা পুন:মুল্যায়নের দাবী জানান। পরে শিক্ষার্থীরা জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট তাদের দাবী জানান।

মেপ্র/আরজেএম

ঝিনাইদহে ইউপি চেয়ারম্যানের সংবাদ সম্মেলন

ঝিনাইদহ সদর উপজেলার ৪নং হলিধানী ইউনিয়নের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মতিয়ার রহমান মতির বিরুদ্ধে ফেসবুক, অনলাইন পত্রিকাসহ বিভিন্ন সামাজিক মাধ্যমে তথ্য বিভ্রান্ত করে মিথ্যা অপপ্রচার রটানোর বিরুদ্ধে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুরে ইউনিয়ন পরিষদ সম্মেলন কক্ষে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে লিখিত বক্তব্যপাঠ করেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান মতিয়ার রহমান।

লিখিত বক্তব্যে তিনি জানান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের অবর্তমানে বিধিমোতাবেক ভারপ্রাপ্ত চেয়ারম্যান হিসেবে ১৭ডিসেম্বর ২০১৯ তারিখ থেকে দায়িত্ব পালন করে আসছি কিন্তু ঈর্ষানিত হয়ে ইউনিয়নের নাটাবাড়ীয়া গ্রামের বাল্লক মন্ডল, বিল্লাল ও শাহীন সরকারী বিভিন্ন অফিসে আমার নামে মিথ্যা অভিযোগ দাখিল করছে এবং উদ্দ্যেশ প্রণোদিত ভাবে আমার বিরুদ্ধে বিভিন্ন মিডিয়ার সাংবাদিকদের নিকট মিথ্যা তথ্যদিয়ে বিভ্রান্তি মূলক সংবাদ প্রচার করছেন যা সম্পর্ন মিথ্যা ভিত্তিহীন। তিনি আরও বলেন আমি কোন নিয়ম বহির্ভূত কাজের সাথে সম্পৃক্ত নয়।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ইউনিয়নের সচিব শহিদুল ইসলাম, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল আজিজ, ইউপি মেম্বর কবির হোসেন, তাইজুল ইসলাম, আবুল হোসেন, আঃ রাজ্জাক, শরিফুল ইসলাম, আমির হোসেন, খলিলুর রহমান, সংরক্ষিত মহিলা আসনের ইউপি সদস্য হালিমা খাতুন,ছামছুন্নাহার ও পারুলা খাতুনসহ এলাকাবাসী।

মেপ্র/আরএম

আরো পড়ুন:
গাংনী ইউএনও কার্যালয় ও পৌরসভার বিদ্যুৎ বিল বাকি ৩০ লাখ টাকা

ঝিনাইদহে ঐতিহ্যবাহী গরুর গাড়ী দৌড় প্রতিযোগীতা অনুষ্ঠিত

আধুনিক কালে খেলা মানেই শুধু ক্রিকেট আর ফুটবল। গ্রাম বাংলায় কৃষি পণ্যের বাহন গরুর গাড়ির দৌড় প্রতিযোগিতাও হতে পারে একটি বিরাট আকর্ষণীয় খেলা ও বিনোদনের মাধ্যম তা যেন ভাবাই যায় না। এমনই এক আয়োজন হয়ে গেল ঝিনাইদহ সদর উপজেলার বেতাই গ্রামের মাঠে।

গান্না ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল ওহাব এর আয়োজনে দিনভর এ আয়োজন দেখতে মাঠে ভীড় করেছিল হাজার হাজার দর্শক।
সকাল থেকেই যত্নআত্তি চলে প্রতিযোগীদের। এখন আর হালচাষে গরু নয়। রীতিমত মনিবের মর্যাদার লড়াইয়ে নামতে হয়েছে গরুর। আর যা দেখতে ঝিনাইদহসহ আশপাশের জেলার হাজার হাজার দর্শক আসতে শুরু করে। দুপুর গড়াতেই শুরু হয় প্রতিযোগিতা। ৬ টি সারিতে ১ কিলোমিটার দুর থেকে শুরু হয় দৌড়। একে অপরকে পিছনে ফেলতে গাড়োয়ানরা যেন ঝড়ের গতিতে চালায় গাড়ি। দৌড়ের সাথে সাথে যেন উল্লাসে মেতে ওঠে দর্শক। নির্মল এ চিত্ত বিনোদন বিমোহিত করে আগতদের। রোমাঞ্চকর এ প্রতিযোগিতাকে ঘিরে আয়োজন করা হয় আনন্দ মেলারও। আসে নাগরদোলা, নানা পণ্য সামগ্রীর দোকান। অনেকে আগে এসেছে আবার অনেকে জীবনে প্রথম এ প্রতিযোগিতা দেখে চরম খুশি।
ঝিনাইদহ শহরের পবহাটি থেকে যাওয়া হাসান আলী নামের এক দর্শক বলেন, আমি জীবনের প্রথম এই গরুর গাড়ীর দৌড় প্রতিযোগিতা দেখছি। দেখে আমি খুবই খুশি। এ ধরনের আয়োজন প্রতিনিয়ত করার দাবী তার।
সদর উপজেলার হলিধানী এলাকা থেকে যাওয়া মনিরুল ইসলাম বলেন, গ্রাম বাংলার জনপ্রিয় অনুসঙ্গ গরুর গাড়ীর দৌড় প্রতিযোগিতা যে এত মনমগ্ধকর তা না দেখলে বোঝা যেত না। সত্যিই উপভোগ্য এ প্রতিযোগিতা।
কালীগঞ্জ থেকে আসার আরিফ মোল্লা নামের এক দর্শক বলেন, গরুর গাড়ীর দৌড় প্রতিযোগিতা হবে শুনে সকালেই বেতাই গ্রামে এসেছি। এখানে শুধু ঝিনাইদহ নই, আশপাশের জেলাগুলো থেকে হাজার হাজার দর্শক এসেছে। এ যেন কৃষক ভাইদের এক মিলন মেলা।
দিনব্যাপী এই প্রতিযোগিতায় ঝিনাইদহ, যশোর, চুয়াডাঙ্গা,মেহেরপুর, কুষ্টিয়া, মাগুরা, সাতক্ষীরা, ও খুলনা থেকে মোট ৫৬ টি গরুর গাড়ি এ প্রতিযোগিতায় অংশ নেয়। সবাইকে পেছনে ফেলে প্রথম হয় বেতাই গ্রামের আমিরুল খান ও ২য় হয় যশোরের বাঘারপাড়ার মশিউর রহমনের গাড়ি। পরে বিজয়ীদের মাঝে পুরস্কার হিসেবে বিতরণ করে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র আলহাজ সাইদুল করিম মিন্টু।
তিনি বলেন, সমাজকে অন্যায়, অপরাধ থেকে দূরে রাখতে আর ভবিষ্যত প্রজন্মকে জানান দিতে দেশের প্রতিটি অঞ্চলে এ ধরনের প্রতিযোগিতা নিয়মিত আয়োজন করা উচিত।
এ ব্যাপারে আয়োজক গান্না ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল ওহাব বলেন, হারিয়ে যাওয়া গ্রামীণ ঐতিহ্য ধরে রাখতে আর তা বর্তমান প্রজন্মের সামনে তুলে ধরতেই এই আয়োজন। সরকারিভাবে পৃষ্টপোষকতা পেলে প্রতিবছর এ ধরনের আয়োজন করার আশ্বাস দেন তিনি।

মেপ্র/ আরপি

ঝিনাইদহে ইউপি সদস্যকে কুপিয়ে হত্যা

ঝিনাইদহের মহেশপুর উপজেলার মান্দারবাড়িয়া গ্রামে বৃহস্পতিবার রাতে স্বপন হোসেন নামের এক যুবককে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা ।

মান্দারবাড়িয়া ইউনিয়নের ৭ নং ওয়ার্ডের সদস্য স্বপন হোসেন একই গ্রামের মৃত আরশেদ আলীর ছেলে। এ ঘটনায় তার ভাই মিল্টন হোসেন গুরুতর আহত হন। তাকে যশোর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গ্রামবাসি সুত্রে জানা গেছে, স্বপনের বাড়িতে পানির লাইনের কাজ করে শামিম ও সাকিব নামে দুই ভাই। বৃহস্পতিবার সন্ধ্যার দিকে মহেশপুরের পুড়োপাড়া বাজারে স্বপনের সাথে টাকা পয়সার লেনদেন নিয়ে শামিম ও সাকিবের তর্ক বিতর্ক হয়। রাত ৯টার দিকে শামিম, সাকিব ও তাদের পিতা হামিদ স্বপনকে বাড়ির বাইরে ডেকে নেয়। রাস্তার উপর আসা মাত্রই তারা ধারালো অস্ত্র নিয়ে এলোপাথাড়ি কোপাতে থাকে। স্বপনের চিৎকারে তার ভাই মিল্টন বাড়ি থেকে বের হয়ে এসে ঠেকাতে যায়। এ সময় দুই ভাইকে তারা কুপিয়ে ফেলে রেখে যায়। ইউপি মেম্বর স্বপন হোসেন ঘটনাস্থলেই মৃত্যু বরণ করেন। তার মাথায় ও ঘাড়ে গভীর জখমের চিহ্ন রয়েছে। খবর পেয়ে পুলিশ রাত সাড়ে ১১টার দিকে ঘটনাস্থলে পৌছে লাশ উদ্ধার করে।

মহেশপুর থানার ওসি মোরশেদ হোসেন খান ঘটনার সত্যতা স্বীকার করে জানান, হত্যাকারীদের গ্রেফতারে অভিযান চলছে।

মেপ্র/এমইএম

ঝিনাইদহের মহেশপুরে পুলিশের হাতে ফেন্সিডিলসহ ব্যবসায়ী আটক

ঝিনাইদহের মহেশপুর থানা পুলিশ মঙ্গলবার রাতে অভিযান চালিয়ে ১০৭ বোতল ফেন্সিডিলসহ ব্যবসায়ী সজিব আহাম্মেদকে (২২) আটক করেছে।

আটককৃত সজিব আহাম্মেদ মহেশপুর উপজেলার পদ্মপুকুর স্কুল পাড়ার আবু বক্করের ছেলে।

মহেশপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ মোর্শেদ হোসেন খান জানান, গোপন সংবাদের ভিত্তিতে মঙ্গলবার রাতে মহেশপুর থানার এসআই আলাল হোসেন ও এএসআই সালাহউদ্দীন আহম্মেদ ঘুগরী-উজ্জ্বলপুর রাস্তার ওপর থেকে একটি মটর সাইকেলসহ ১০৭ বোতল ফেন্সিডিল আটক করা হয়।

এসময় মালের মালিক সজিব আহম্মেদকে আটক করা হয়েছে। এঘটনায় মহেশপুর থানায় মামলা হয়েছে।

মেপ্র/এমইএম

আইজিপি পদক পেলেন অতিরিক্ত পুলিশ সুপার মাসুদ আলম

বীরত্বপূর্ণ ও অসীম সাহসিকতা ও কাজের স্বীকৃতি হিসেবে আইজিপি পদকে ভূষিত হলেন সিপিসি ২ ঝিনাইদহ র্যাব -৬ এর কোম্পানী কমান্ডার অতিরিক্ত পুলিশ সুপার মাসুদ আলম।

মঙ্গলবার সকালে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সের প্যারেড গ্রাউন্ডে অতিরিক্ত পুলিশ সুপার জনাব মাসুদ আলম কে এলাকার মাদক

দ্রব্য, জঙ্গিবাদ নির্মূল ও আইন শৃঙ্খলা পরিস্থিতি উন্নত করার জন্য মহা পুলিশ পরিদর্শকের পক্ষ থেকে তাকে এ পুরস্কার দেয়া হয়।

মেডেল পরিয়ে দেন বাংলাদেশ পুলিশের ইন্সপেক্টর জেনারেল ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী বিপিএম (বার)।

গুরুত্বপূর্ণ মামলার রহস্য উদ্ঘাটন, অপরাধ নিয়ন্ত্রণ, দক্ষতা, কর্তব্যনিষ্ঠা, সততা ও শৃঙ্খলামূলক আচরণের মাধ্যমে প্রশংসনীয় অবদানের জন্য তিনি এ সন্মাননা পায়েছেন।

মেপ্র/এমইএম

ঝিনাইদহের শৈলকুপায় বাস চাপায় কলেজ ছাত্র নিহত

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার গাড়াগঞ্জ এলাকায় বাস চাপায় সোহাগ হোসেন (১৭) নামের এক কলেজ ছাত্র নিহত হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়েকর গাড়াগঞ্জ ব্রীজ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত সোহাগ হোসেন ওই উপজেলার রানী নগর গ্রামের ইসাহাক মন্ডলের ছেলে। সে শৈলকুপার মিয়া জিন্নাহ আলম ডিগ্রি কলেজের দ্বাদশ শ্রেণীর ছাত্র ছিলো।

শৈলকুপা থানার ওসি বজলুর রহমান জানান, সকালে মোটর সাইকেল যোগে গাড়াগঞ্জ থেকে বাড়ী ফিরছিল। পথে ঘটনাস্থলে পৌঁছালে পিছন দিক থেকে আসা একটি যাত্রীবাহী বাস তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলে সোহাগ’র মৃত্যু হয়। পরে পুলিশ তার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

মেপ্র/এমইএম

ঝিনাইদহে মাদক বিরোধী র্যালী ও আলোচনা সভা

‘মাদককে রুখবো, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়বো’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে মাদক বিরোধী র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের ৩০তম প্রতিষ্ঠা বার্ষিকী ও মাদকবিরোধী প্রচারণা সপ্তাহ উপলক্ষে জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের আয়োজনে বুধবার সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে পুরাতন ডিসি কোর্ট মুক্তমঞ্চে আলোচনা সভার আয়োজন করা হয়।

জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য খালেদা খানম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার মেয়র আলহাজ সাইদুল করিম মিন্টু, অতিরিক্ত পুলিশ সুপার (সদর) তারেক আল মেহেদী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) রবিউল ইসলাম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন কার্যালয়ের সহকারী পরিচালক আজিজুল হক। বক্তারা, সমাজ থেকে মাদক নির্মুল করতে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান। আলোচনা সভা শেষে মাদক বিরোধী শপথবাক্য পাঠ করা হয়।

মেপ্র/এমইএম